

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩২৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩২৮]

পর্ব-১৩: সাহু (ভুল) (كِتَابُ السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৭৩: ইমামের সালাম ফিরানোর সময় মুক্তাদীর সালাম ফিরানো

تسليم المأموم حين يسلم الإمام

আরবী

أَخْبَرَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، قَالَ: أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، عَنْ مَعْمَرٍ، عَنِ الزُّهْرِيِّ أَخْبَرَهُ، قَالَ: أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ الرَّبِيعِ، قَالَ: سَمِعْتُ عِثْبَانَ بْنَ مَالِكٍ، يَقُولُ: كُنْتُ أُصَلِّي بِقَوْمِي بَنِي سَالِمٍ، فَأَتَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقُلْتُ: إِنِّي قَدْ أَنْكَرْتُ بَصْرِي، وَإِنَّ السُّيُولَ تَحُولُ بَيْنِي وَبَيْنَ مَسْجِدِ قَوْمِي، فَلَوَدِدْتُ أَنَّكَ جِئْتَ فَصَلَّيْتَ فِي بَيْتِي مَكَانًا أَتَّخِذُهُ مَسْجِدًا، قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: سَأَفْعَلُ إِنْ شَاءَ اللَّهُ، فَغَدَا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ مَعَهُ بَعْدَ مَا اشْتَدَّ النَّهَارُ، فَاسْتَأْذَنَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَأَذِنْتُ لَهُ فَلَمْ يَجْلِسْ حَتَّى، قَالَ: أَيَنْ تُحِبُّ أَنْ أُصَلِّيَ مِنْ بَيْتِكَ، فَأَشَرْتُ لَهُ إِلَى الْمَكَانِ الَّذِي أَحَبُّ أَنْ يُصَلِّيَ فِيهِ، فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصَفَفْنَا خَلْفَهُ، ثُمَّ سَلَّمَ وَسَلَّمْنَا حِينَ سَلَّمَ.

تخريج دارالدعوة: انظر حديث رقم: ٧٨٩ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1328 - صحيح

বাংলা

১৩২৭. সুওয়াইদ ইবনু নাসর (রহ.) ... ইতবান ইবনু মালিক (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আমার সম্প্রদায় বানু সালিম-এর সাথে সালাত আদায় করতাম। একদিন রাসূলুল্লাহ (সা.) -এর কাছে এসে আমি বললাম, আমার দৃষ্টিশক্তি লোপ পেয়েছে, আর আমার এবং আমার সম্প্রদায়ের মসজিদের মাঝখানে বন্যা বাধা হয়ে দাঁড়ায়; তাই আমার ইচ্ছা যে, আপনি এসে আমার ঘরের কোন এক জায়গায় সালাত আদায় করেন যে স্থানটি আমি

আমার সালাতের স্থানরূপে নির্দিষ্ট করে নিতে পারি। নবী (সা.) বললেন, ইনশা-আল্লাহ! অতি শীঘ্রই আমি তা করব। পরের দিন সূর্য প্রখর হওয়ার পর রাসূলুল্লাহ (সা.) আমার কাছে আসলেন, আর আবু বকর (রাঃ)- ও তার সাথে ছিলেন। নবী (সা.) এসে আমার কাছে অনুমতি চাইলেন, আমি তাঁকে অনুমতি দিলে তিনি না বসেই বললেন, তুমি তোমার ঘরের কোন জায়গায় আমার সালাত আদায় করা পছন্দ কর? তখন আমি তাকে ঐ জায়গা দেখিয়ে দিলাম যে স্থানে তার সালাত আদায় করা আমি পছন্দ করেছি। তখন রাসূলুল্লাহ (সা.) দাঁড়ালেন, আমরাও তার পিছনে দাঁড়ালাম। অতঃপর তিনি (সালাত শেষে) সালাম ফিরালে আমরাও তাঁর পরে সালাম ফিরালাম।

English

73. The Follower Saying Salam When The Imam Says Salam

Itban bin Malik said: I used to lead my people Bani Salim in prayer. I came to the Messenger of Allah (ﷺ) and said: 'I have lost my eyesight and the rainwater prevents me from reaching the masjid of my people. I would like you to come and pray in my house in a place that I can take as a masjid.' The Prophet (ﷺ) said: 'I will do that, if Allah (SWT) wills.' The next day, the Messenger of Allah (ﷺ) came, and Abu Bakr was with him, after the day had grown hot. The Prophet (ﷺ) asked for permission to enter, and I gave him permission. He did not sit own until he asked: 'Where would you like me to pray in your house?' I showed him the place where I wanted him to pray, so the Messenger of Allah (ﷺ) stood there and formed a row behind him, then he said the salam and we said the salam when he did.

ফুটনোট

সহীহ: বুখারী ৪২৫, ৬৮৬; মুসলিম ৩৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ ইতবান ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87721>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন